গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
(চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা)
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd

নং-৫৮.০২.০০০০.০০৮.১৮.০০২.১৪--৪৬ তারিখ :২৬/০৪/২০২৬

**মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০২৬ উদযাপন উপলক্ষ্যে মাদকবিরোধী কর্মকান্ডে বেসরকারি প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম মূল্যায়ন উপ-কমিটির সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবুল কালাম আজাদ<br>পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা |
| সভার তারিখ ও সময় | : | ২৬ এপ্রিল ২০২৬, সকাল ১০.০০মিঃ |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ (লেভেল-২) |
| **সভায় উপস্থিতি** | : | **পৃথক কাগজে সংরক্ষিত** |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব বলেন, প্রতি বছর ২৬ জুন মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস উদযাপন উপলক্ষ্যে মাদকবিরোধী কর্মকান্ডে নিয়োজিত নিবন্ধিত এনজিওদের মাদকবিরোধী প্রচারণা ও সামাজিক উদ্বুদ্ধকরণ এবং মাদক বিষয়ক বিভিন্ন গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের জন্য ০৩ টি, মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের কার্যক্রমে উল্লেখযোগ্য অবদানের জন্য ২ টি ক্যাটাগরিতে (১০-২০ বেড ক্যাটাগরি এবং ২০ বেড উর্দ্ধ ক্যাটাগরি) ০৩ টি করে ০৬টি এবং ২৬ জুন ঢাকায় অনুষ্ঠেয় মানববন্ধন ও র‌্যালীতে অংশগ্রহণকারীদের মধ্যে থেকে ০৩টি প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছরও এনজিও এবং মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রসমূহের সার্বিক কর্মকান্ড মূল্যায়নপূর্বক পুরস্কার প্রদান করা হবে।

সভাপতি ২০২৬ সালে এ মূল্যায়ন সংক্রান্ত কার্যক্রম কিভাবে সুচারুরূপে সম্পন্ন করা যায়, সে বিষয়ে সুচিন্তিত মতামত প্রদানের জন্য সম্মানিত সদস্যদেরকে অনুরোধ করেন। আলোচনায় অংশগ্রহণ করে সদস্যগণ আবেদন আহবানের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, আবেদন দাখিলের সর্বশেষ তারিখ নির্ধারণ, আবেদনের সাথে কি কি সংযুক্তি দিতে হবে, যাচাই-বাছাই কিভাবে করা হবে ইত্যাদি বিষয়ে মতামত প্রদান করেন।

সভায় উপস্থাপিত সদস্যবৃন্দের মতামতসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত মাদকবিরোধী কর্মকান্ডে নিয়োজিত এনজিওদের কার্যক্রম বিবেচনায় নেয়া হবে।

২। নিবন্ধিত এনজিওসমূহের ২০২৫ পঞ্জিকা বছরে মাদকবিরোধী জনসচেতনতামূলক কার্যক্রম যেমন- সভা, সেমিনার, মানববন্ধন, র‌্যালী, স্বীকৃত কোনো জার্নালে প্রকাশতি প্রবন্ধ/গবেষণা, প্রকাশিত বই, পোস্টার, স্টীকার, ফেস্টুন, লিফলেট, প্রশিক্ষণ, অনলাইন ফলোয়ার, প্রতিষ্ঠানটির বিগত অর্থবছরের অডিট রিপোর্ট, শিক্ষা প্রতিষ্ঠান ও ফেসবুক এবং ইউটিউবে মাদকবিরোধী প্রচারণা ইত্যাদি কার্যক্রম পর্যালোচনা করা হবে।

৩। মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রে ২০২৫ পঞ্জিকা বছরে লাইসেন্সপ্রাপ্ত বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রের অন্তঃবিভাগ ও বহির্বিভাগে চিকিৎসা প্রদানকৃত রোগীর বিস্তারিত তথ্য, কেন্দ্রের আয়তন, মালিকানা, নাইট ভিশন সিসিটিভি ক্যামেরা, সার্বক্ষনিক চিকিৎসক, মনোচিকিৎসক, প্রশিক্ষণপ্রাপ্ত কাউন্সিলরদের সংখ্যা ও প্রতিষ্ঠানের সাথে হালনাগাদ চুক্তিপত্র, ইকো প্রশিক্ষণপ্রাপ্ত কর্মরত জনবল, নিরাময় কেন্দ্রে ব্যবস্থাপনায় নিয়োজিত অন্যান্য জনবল, বিনোদনের সুবিধা ইনডোর ও আউটডোর, নারী ও শিশু চিকিৎসা প্রদান সংক্রান্ত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে), ফলোআপ রোগীর সংখ্যা, বার্ষিক রিকোভারী মিটিং এ অংশগ্রহণকারীর সংখ্যা, প্রতিষ্ঠানটি সরকারি আর্থিক অনুদান পেয়ে থাকলে তার খরচের হিসাব বিবরণীসহ প্রমাণক, মাদকবিরোধী গণসচেতনামূলক কার্যক্রম পরিচালনা, প্রকাশনা, গোলটেবিল বৈঠক, টকশো ইত্যাদির তথ্য ও ছবিসহ আবেদন করতে হবে।

৪। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে নির্ধারিত ছকে আবেদন আহবান ও প্রক্রিয়াকরণ সময়সীমা নিম্নরুপ নির্ধারণ করা হলো:

| বিষয় | নির্ধারিত তারিখ |
|---|---|
| ক) আগ্রহী প্রতিষ্ঠানসমূহের মেট্রো/ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে আবেদনপত্র দাখিলের সর্বশেষ তারিখ | ২৫/০৫/২০২৬ |
| খ) মেট্রো/ জেলা কার্যালয় কর্তৃক মূল্যায়নপূর্বক আবেদনপত্রসমূহ বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়ে প্রেরণের সর্বশেষ তারিখ | ০৪/০৬/২০২৬ |
| গ) বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় কর্তৃক সকল আবেদনপত্রসমূহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ে প্রেরণের সর্বশেষ তারিখ | ০৭/০৬/২০২৬ |
| ঘ) যাচাই বাছাই উপকমিটি কর্তৃক প্রাপ্ত আবেদনসমূহ পরীক্ষণ ও মূল্যায়নের সর্বশেষ তারিখ | ১১/০৬/২০২৬ |

৫। সরকারের ব্যয় সাশ্রয় নীতির আলোকে আগ্রহী প্রতিষ্ঠানকর্তৃক আবেদন আহবান সংক্রান্ত বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করার পরিবর্তে অধিদপ্তরের প্রধান কার্যালয় ও সকল মেট্রো/ জেলা ও বিভাগীয় কার্যালয়ের নিজস্ব ওয়েবসাইটে আপলোড, সংশ্লিষ্ট কার্যালয়ের নোটিশ বোর্ড, Whatsapp group শেয়ার এবং অধিদপ্তরের সকল লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহকে (মাদকাসক্তি নিরাময়/পুনর্বাসন কেন্দ্র ও এনজিও) সংশ্লিষ্ট জেলা/মেট্রো: কার্যালয় হতে পত্র প্রেরণ করতে হবে।

৬। আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট জেলা/ মেট্রোঃ কার্যালয়ের কর্মকর্তা কর্তৃক প্রতিষ্ঠানসমূহ সরেজমিন পরিদর্শন করে প্রাপ্ত তথ্যাদি যাচাই করে নির্ধারিত ছক নম্বর-১ ও ২ এ উল্লিখিত নম্বর বন্টন ব্যবস্থা অনুযায়ী (ক্যাটাগরি ওয়াইজ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে মূল্যায়ন করতে হবে।

৭। দিবসটি উদযাপন উপলক্ষ্যে ২৬ শে জুন ২০২৬ তারিখে অনুষ্ঠেয় মানববন্ধন ও র‍্যালীতে উপস্থিত প্রতিষ্ঠানসমূহের উপস্থিতির সংখ্যা, সজ্জিতকরণ (ব্যানার, শ্লোগান, ফেস্টুন) শৃঙ্খলা, উপস্থাপনা ইত্যাদি বিবেচনা করে উপ-কমিটি কর্তৃক ১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারণ করা হবে।

৮। বর্ণিত ০৪ টি ক্যাটাগরির প্রতিটিতে ৩ টি করে মোট ১২ টি ক্রেস্ট ও সনদপত্র প্রস্তুত ও সরবরাহের দায়িত্বে থাকবেন উপপরিচালক, ঢাকা মেট্রো (উত্তর) কার্যালয়, ঢাকা।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

মোঃ আবুল কালাম আজাদ
পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
ফোনঃ ০২-৪৮৩২২১৯৬

নং: ৫৮.০২.০০০০.০০৮.১৮.০০২.১৪-৪৬ তারিখ- ২৬/০৪/২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২। অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা শাখা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
৪। উপপরিচালক (নিরোধ শিক্ষা/ অপারেশন্স), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ঢাকা।
৬। রেসিডেন্ট সাইকিয়াট্রিষ্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৭। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৮। জনাব মোঃ আবু তাহের, ইউএনওডিসি, আইডিবি ভবন, ঢাকা।
৯। জনাব অতনু বড়ুয়া (অন্তু), প্রজেক্ট ইনচার্জ, বারাকা বাংলাদেশ, গ্রাম: কমলাপুর, পো: বিরুলিয়া, সাভার, ঢাকা।
১০। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য )।
১২। অফিস কপি /মাস্টার ফাইল

২৬/০৪/২৬
( এম. সাইফুল ইসলাম )
সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)